দৈনিক

# ইত্তেফাক

তারিখ 21 FEB 2016
পৃষ্ঠা ........ কলাম ........

নরসিংদীতে জমে উঠেছে বই মেলা

## কাঠফাটা রোদ মাথায় নিয়ে বই খুঁজে ফিরছে মানুষ

■ নিবারণ রায়, নরসিংদী প্রতিনিধি

আর ৮ দিনের মাথায় ঝরছে আগুন। ফাগুনের প্রথম দিনেই শীত বেমালুম গায়েব, এই কাঠফাটা রোদ মাথায় নিয়েই বই মেলায় পছন্দের বইটি খুঁজে বেড়াচ্ছে মানুষ। গতকাল শনিবার ছুটির দিনে নরসিংদীতে আয়োজিত অমর একুশে বই মেলায় গিয়ে এমন দৃশ্যই দেখা গেল। এত গরমের মধ্যেও গতকাল জমে ওঠে বই মেলা। সেখানে ভিড় করে হাজারো বইপ্রেমী মানুষ। বই কেনার আকর্ষণতো ছিলই, তাছাড়া ছুটির দিনে বই মেলা হয়ে উঠেছিল বিনোদনের প্রাণকেন্দ্র। বিভিন্ন স্টলে গিয়ে বই নেড়েচেড়ে দেখছিল মানুষ, আর পছন্দ হলে দু'একটি কিনেও ফেলছিল অনেকে। অনেক স্টলে জনপ্রিয় লেখকদের বই-এর নাম উল্লেখ করে ক্রেতাদের আকৃষ্ট করতে দেখা যায়।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে নরসিংদী সরকারি কলেজ মাঠে নরসিংদী জেলা প্রশাসন গত ১৩ ফেব্রুয়ারী থেকে ২৬ ফেব্রুয়ারী পর্যন্ত ১৪দিন ব্যাপী বসন্ত উৎসব, বই মেলা, সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। গত শুক্রবার আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কবি ড. কামাল আবদুল নাসের চৌধুরী। নরসিংদী জেলা প্রশাসক আবু হেনা মোরশেদ জামান আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন। ঢাকা বিভাগের বিভাগীয় কমিশনার মোঃ জিল্লার রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাধীনতাউত্তর বাংলাদেশের কবিতার উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন নরসিংদী সরকারি মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ কালাম মাহমুদ। তার প্রবন্ধের উপর আলোচনায় অংশ নেন নরসিংদী সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ গোলাম মোস্তাফা মিয়াসহ অনেকে। আলোচনা সভার ফাঁকে কালাম মাহমুদ রচিত 'যদি যৌবন ফিরে পাই' বই-এর মোড়ক উন্মোচন করেন অতিথিবৃন্দ। আলোচনা শেষে মাধবদীর মরমী শিল্পী গোষ্ঠীর পক্ষে সাংবাদিক এমদাদুল ইসলাম খোকনের দল বাউল গান পরিবেশন করেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি বাংলা একাডেমি পুরস্কারপ্রাপ্ত কবি কামাল চৌধুরী ভাষা শহীদ, মুক্তিযুদ্ধের বীর শহীদ ও বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, বই মেলা আমাদের প্রাণের মেলা। বই যত পড়বো, ততই আমাদের জ্ঞানের পরিধি বাড়বে। নতুন প্রজন্মের ছেলেমেয়েদের যোগ্য পাঠক হিসেবে গড়ে তুলতে লেখক ও কবিদের প্রতি আহ্বান জানান তিনি। বই মেলায় এ পর্যন্ত মোট ১০টি নতুন বই-এর মোড়ক উন্মোচন করা হয়। মেলা প্রাঙ্গণে ৫২টি বই-এর স্টল দেয়া হয়েছে। মেলায় মিডিয়া পার্টনার দৈনিক ইত্তেফাক।